দৈনিক
ইত্তেফাক

তারিখ 9 JUL 2009
পৃষ্ঠা ৩ কলাম ২

পাসের হার ৫১ দশমিক ৫৯

# বাউবি'র এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে ২০০৮ সালের এইচএসসি প্রোগ্রামের ১ম ও ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফল গতকাল বুধবার প্রকাশ করা হয়েছে। পরীক্ষায় পাসের হার ৫১ দশমিক ৫৯ ভাগ। চূড়ান্ত পরীক্ষায় বিভিন্ন গ্রেডে মোট ২১ হাজার ৬৯৪ জন শিক্ষার্থী পরীক্ষায় কৃতকার্য হয়। পাসের হারে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে আছে।

এবার বাউবি'র এইচএসসি প্রোগ্রামে ১ম ও ২য় বর্ষের পরীক্ষায় ৯০ হাজার ৭২৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ২য় বর্ষে পরীক্ষায় অংশগ্রহণ করে ৪২ হাজার ৫১ জন।

কৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে ৪৪ জন 'এ', ৪৭২ জন 'এ(-)', ২ হাজার ৬০৯ জন 'বি', ১৩ হাজার ১৫০ জন 'সি' এবং ৫ হাজার ৪১৯ জন 'ডি' গ্রেডে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ছেলে ১১ হাজার ৭১ জন এবং মেয়ে ১০ হাজার ৬২৩ জন। একই সঙ্গে প্রথম বর্ষে ৪৮,৬৭২ জন শিক্ষার্থীর পরীক্ষার ফলও প্রকাশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এইচএসসি প্রোগ্রামের সকল টিউটোরিয়াল কেন্দ্র থেকে শুধুমাত্র এ ফল জানা যাবে বলে বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।